# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 28 June, 2025

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ৪২তম বার্ষিক সিনেট সভা শনিবার বিকেল ৩টায় অনুষ্ঠিত হবে।এ সভায় অংশগ্রহণের জন্য দাওয়াত পেয়েছেন যুবলীগের সাংগঠনিক সম্পাদক সোহেল পারভেজ, গাজীপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগ মনোনীত প্রতিনিধি মোতাহার হোসেন মোল্লাসহ একাধিক আওয়ামীপন্থি শিক্ষক ও রাজনৈতিক ব্যক্তিত্ব।

দাওয়াতপ্রাপ্তদের মধ্যে আছেন অধ্যাপক শরীফ এনামুল কবির, অধ্যাপক লায়েক সাজ্জাদ এন্দেল্লাহ, অধ্যাপক তপন কুমার সাহা, অধ্যাপক শফিক উর রহমান, অধ্যাপক এ এ মামুন, অধ্যাপক শাহেদুর রশিদ, অধ্যাপক মুহাম্মদ ছায়েদুর রহমান ও জাবি ছাত্রলীগের সাবেক সভাপতি মেহেদী জামিল।

তবে, এই শিক্ষকদের অনেকের বিরুদ্ধে গত জুলাইয়ে বিশ্ববিদ্যালয়ে সংঘটিত হামলার পৃষ্ঠপোষকতা ও আন্দোলন দমনের অভিযোগ রয়েছে।

এ বিষয়ে জাবি শাখা শিবিরের সভাপতি মহিবুর রহমান মুহিব এবং বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ জাবি শাখার আহ্বায়ক আরিফুজ্জামান উজ্জ্বল প্রতিবাদ জানিয়ে বলেছেন, প্রশাসনের এই পদক্ষেপকে তারা “আওয়ামী পুর্নবাসন” হিসেবে দেখেন এবং তা মেনে নেবেন না।তারা বলছেন, তারা সিনেটে আওয়ামী লীগের পৃষ্ঠপোষকদের অংশগ্রহণ মেনে নেবে না এবং কঠোর প্রতিরোধ জানাবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | জাবি | ৪২তম বার্ষিক সিনেট সভা | যুবলীগ | শিবির

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:07

URL: https://www.timestodaybd.com/campus/3828273208